# <u>লোকসভা নির্বাচন – ২০২৪</u>
## জেলা নির্বাচন আধিকারিক
## কোলকাতা উত্তর

## <u>নির্বাচন প্রক্রিয়া চলাকালীন জনসাধারনের প্রতি আবেদন</u>

ভারতীয় দণ্ডবিধির ১৭১ ধারার খ উপধারা অনুসারে, নির্বাচন প্রক্রিয়া চলাকালীন কোনো ব্যক্তিকে অবৈধভাবে ভোটদানে প্রভাবিত করার উদ্দেশ্যে কোনো ব্যক্তি যদি অর্থ বা পারিতোষিক প্রদান করেন অথবা নিজে ওই অর্থ বা পারিতোষিক গ্রহণ করেন তবে তার এই আচরণ শাস্তিযোগ্য অপরাধ। এই কারণে ওই ব্যক্তির এক বৎসর পর্যন্ত শাস্তি অথবা জরিমানা অথবা উভয়ই হতে পারে।

উপরন্তু ভারতীয় দণ্ডবিধির ১৭১ ধারার গ উপধারা অনুসারে, কোনো ব্যক্তি নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করছেন এমন প্রার্থীকে অথবা ভোটারকে যদি ভীতি প্রদর্শন করেন অথবা কোনো রকম ক্ষতি সাধনের ভয় দেখান, সেই ক্ষেত্রে ওই ব্যক্তিকে এক বৎসর পর্যন্ত শাস্তি অথবা জরিমান অথবা উভয়েরই সম্মুখীন হতে হবে। উৎকোচ প্রদান করছেন অথবা গ্রহণ করছেন অথবা ভোটারদের ভীতি প্রদর্শন করেছেন এমন সকল ব্যক্তিদের উদ্দেশ্যে ফ্লাইং স্কোয়াড গঠন করা হয়েছে যার মাধ্যমে এই সকল অপরাধীর বিরুদ্ধে মামলা রুজু করা হবে। সকল নাগরিকের প্রতি আবেদন আপনারা কোনো প্রকার উৎকোচ গ্রহন করা থেকে নিজেদের বিরত রাখুন। উৎকোচ দেওয়ার অথবা ভীতি প্রদর্শনের কোনো ঘটনা যদি আপনার নজরে আসে তবে তৎক্ষনাৎ জেলার অভিযোগ কেন্দ্রে যোগাযোগ করতে পারেন অথবা টোল ফ্রি ১৯৫০ নম্বরে ফোন করতে পারেন।

*তারিখ : ১৬.০৩.২০২৪* *স্বা /-*

**জেলা নির্বাচন আধিকারিক**
**কোলকাতা উত্তর**

# <u>General Election to Lok Sabha, 2024</u>
## District Election Officer
## Kolkata North

## <u>Appeal to General People During Election Process</u>

As per section 171B of Indian Penal Code, any person giving or accepting any gratification in cash or kind during election process, with a view to inducing the person to exercise his electoral right is punishable with imprisonment upto one year or with fine or with both. Further, as per section 171C of Indian Penal Code, any person who threatens any candidate or elector, or any other person, with injury of any kind, is punishable with imprisonment up to one year or with fine or both. Flying Squads have been formed to register cases against both the giver and the taker of bribe and for taking action against those who are engaged in threat and intimidation of electors. All the citizens are hereby requested to refrain from taking any bribe and in case, anybody offers any bribe or is having knowledge about the bribe or cases of threat/ intimidation of electors, then he should inform on the toll free number 1950 of the 24x7 Complaint Monitoring Cell of the district, set up for receiving the complaints.

Date: 16/03/2024 **Sd/-**

**District Election Officer**
**Kolkata North**